

**বন্ডেড ওয়্যার
হাউস কত প্রকার ও
কি কি ?**

দি কাস্টমস এ্যান্ট, ১৯৬৯ এর ধারা ১২ ও ১৩ অনুযায়ী বন্ডেড ওয়্যার হাউস দুই প্রকার। যথা- পাবলিক বন্ডেড ওয়্যার হাউস ও প্রাইভেট বন্ডেড ওয়্যার হাউস। আবার একই আইনের ধারা ২ এর উপধারা (টি)তে বেসরকারী পণ্যাগারের একটি বিশেষ

পদ্ধতির ওয়্যার হাউসকে বিশেষ বন্ডেড ওয়্যার হাউস হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে। যেমন- “বিশেষ বন্ডেড পণ্যাগার অর্থ ধারা ১৩ এর অধীন লাইসেন্সকৃত বেসরকারী পণ্যাগার যা ধারা ৯১ এর উপ-ধারা (২) এর বিধান হতে অব্যাহতির উদ্দেশ্যে বোর্ড কর্তৃক একশত শতাংশ রপ্তানিকারক শিল্প হিসাবে নির্ধারিত। দি কাস্টমস এ্যান্ট, ১৯৬৯ এর ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে জারীকৃত বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এ প্রাইভেট ওয়্যার হাউসকে ৪টিভাগে শ্রেণীবিন্যাস করা হয়েছে, যথা-

- (ক) শতভাগ রপ্তানিমুখী বন্ডেড ওয়্যার হাউস;
- (খ) প্রচন্ন রপ্তানিমুখী বন্ডেড ওয়্যার হাউস;
- (গ) ডিপ্লোমেটিক, ডিউটি ফ্রি শপ, ডিউটি পেইড ওয়্যার হাউস; ও
- (ঘ) সরকারী ও বেসরকারী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত ওয়্যার হাউস।

এতদ্যুতীত হোমকনজাম্পশন ওয়্যার হাউস নামে অন্য এক প্রকার ওয়্যার হাউসের অস্তিত্ব বিদ্যমান আছে। বর্তমানে এ প্রকৃতির বড় লাইসেন্স প্রদান বন্ধ আছে। তবে এ প্রসংগে উল্লেখ্য পেট্রোলিয়াম দ্রব্য ও ভোজ্যতেল জাহাজ থেকে শুল্ক পরিশোধ ব্যতিরেকে খালাস করে বন্দর তীরবর্তী ট্রাঙ্কারে সংরক্ষণ ও শুল্ক পরিশোধ পূর্বক স্বদেশে ভোগের জন্য এবং ভোজ্য তেল পরিশোধনের জন্য প্রেরণ করা হয়। এ ধরনের প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদান চলমান আছে।